দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUL 1988
পৃষ্ঠা ... কলাম ৪

003

## মাদ্রাসা শিক্ষা উপদেষ্টা কমিটি গঠন

বাসস জানায়, রাষ্ট্রপতি এরশাদ গতকাল রোববার আনিসুল ইসলাম মাহমুদকে চেয়ারম্যান করে মাদ্রাসা শিক্ষা উপদেষ্টা কমিটি গঠন করেছেন। কমিটির সদস্যরা হচ্ছেনঃ শর্ষিনার পীর সাহেব মওলানা শাহ্ জাফর মোহাম্মদ সালেহ, ধর্ম বিষয়ক প্রতিমন্ত্রী মুফতী মওলানা মোহাম্মদ ওয়াক্কাস, মওলানা আমিনুল ইসলাম ও মওলানা আবদুর রব।

কমিটি মাদ্রাসা শিক্ষাকে ঢেলে সাজানো এবং একে দৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠার ব্যাপারে সময়ে সময়ে রাষ্ট্রপতির কাছে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করবে।